

উপজেলা সমাজসেবা কার্যালয়  
পীরগঞ্জ, রংপুর

সমাজসেবা অধিদফতরের G2P -তে  
প্রাপ্ত ভাতার টাকা সুরক্ষায় করণীয়

উপজেলা সমাজসেবা কার্যালয়, পীরগঞ্জ, রংপুর এর আওতাধীন সম্মানিত ভাতাভোগীদের জানানো যাচ্ছে যে-

- ১। ভাতা/উপবৃত্তির টাকা নিজ নিজ মোবাইল ফোনে নগদ হিসাবে পাওয়া মাত্র দ্রুত উত্তোলন করতে হবে।
- ২। নিজের মোবাইল ফোনে নগদ হিসাবের পিন নম্বর বিশ্বস্ত লোক ব্যতীত কারো সাথে শেয়ার/বিনিময় করবেন না। পিন নম্বর শেয়ার/বিনিময় করলে অন্য ব্যক্তি আপনার টাকা উত্তোলন করে নিতে পারে।
- ৩। মোবাইল ফোনে কল করে নগদ হিসাবের পিন নম্বর চাওয়া হলে উক্ত প্রস্তাবে সাড়া দিবেন না।
- ৪। মোবাইল ফোনে কল করে নগদ হিসাবের ওটিপি (OTP) চাওয়া হলে উক্ত প্রস্তাবে সাড়া দিবেন না।
- ৫। সম্ভব হলে নগদ হিসাবের পিন নম্বর মাঝে মাঝে পরিবর্তন করে নিন।
- ৬। ভাতার টাকা মোবাইল ফোনে নগদ হিসাবে জমিয়ে না রেখে নিয়মিত উত্তোলন করতে হবে।
- ৭। ভাতার টাকা নিকটস্থ, পরিচিত ও বিশ্বস্ত এজেন্ট পয়েন্ট ব্যতীত ক্যাশ আউট না করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। যৌক্তিক সময়ের মধ্যে ভাতার টাকা 'নগদ' এ না পৌঁছালে উপজেলা সমাজসেবা কার্যালয়কে অবহিত করতে হবে।
- ৯। আপনার মোবাইল ফোনে স্কুদেবার্তা/এসএমএস নিয়মিত দেখুন এবং অপ্রয়োজনীয় এবং পুরাতন স্কুদেবার্তা/এসএমএস হলে ডিলিট করুন। তাহলেই ভাতার স্কুদেবার্তা/এসএমএস আপনার মোবাইলে দেখতে পাবেন।
- ১০। ভাতাভোগীর পিন রিসেট বা নগদ একাউন্ট হালনাগাদ সংক্রান্ত কাজের জন্য 'নগদ সেবা কেন্দ্র' 'জাহিদ টেলিকম' (কৃষি ব্যাংক সংলগ্ন), পীরগঞ্জ, রংপুর এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আহ্বানে  
উপজেলা সমাজসেবা অফিসার  
পীরগঞ্জ, রংপুর